সমকাল

তারিখ 12 OCT 2013
পৃষ্ঠা 2 কলাম 2

# এইচএসসি শিক্ষার্থীদের উত্তরপত্র পুনর্মূল্যায়িত ফল প্রকাশের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

ঢাকা শিক্ষা বোর্ডের ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিভাগের এইচএসসি শিক্ষার্থীদের উত্তরপত্রের পুনর্মূল্যায়িত ফল প্রকাশ করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আইনের ৩৯ (১ ও ৫) ধারা ভঙ্গ করে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শিক্ষার্থীদের তিন বিভাগের উত্তরপত্র পুনর্মূল্যায়ন অপ্রকাশিত শর্ত আরোপ কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না- জানতে চেয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে রুল জারি করা হয়। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিব ও ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে রুলের জবাব দিতে বলা হয়েছে। ধানমণ্ডির বাসিন্দা ফারাহ তাসনিম রাইসার করা রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি এবিএম আলতাফ হোসেন সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গত সোমবার শুনানি শেষে এ আদেশ দেন। আবেদনকারীর পক্ষে মামলা পরিচালনা করেন ব্যারিস্টার মেহেদী হাসান ও অ্যাডভোকেট শাহ মো. আহসানুর রহমান।

জানা গেছে, চলতি বছর এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর পুনঃনিরীক্ষণের জন্য ঢাকা বোর্ডের ২৪ হাজার শিক্ষার্থী ৮৫ হাজার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করেন। কিন্তু পুনঃনিরীক্ষণে ফল পরিবর্তন হয়েছে মাত্র ৫২৬ জন আবেদনকারীর। বাকি ২৩ হাজার ৪৭৪ জনের ফলে কোনো পরিবর্তন হয়নি। তাদের মধ্যে অধিকাংশ পেয়েছেন এ এবং জিপিও ৫ পাওয়া শিক্ষার্থী রয়েছেন। তারা একটি বিষয়ে নম্বর কম পাওয়ায় পুরো শিক্ষাজীবনের দশা বদলে গেছে। বোর্ড কর্মকর্তারা জানান, ১৯৬১ সালের পুরনো বোর্ড আইনে উত্তরপত্র নিরীক্ষণের সুযোগ থাকলেও পুনর্মূল্যায়নের কোনো সুযোগ নেই।